## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত সংশ্লিষ্ট কমিটির ৩য় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব মোঃ আবদুল আজিজ মোল্লা, অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর।
সভার স্থানঃ খাদ্য ভবনের দ্বিতীয় তলার সভাকক্ষ (কক্ষ নং ১০৪)
তারিখঃ ০২/১২/২০১৯ খ্রিঃ
সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি সভায় পেশ করার আহ্বান জানান। সদস্য সচিব বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরের করণীয় হিসেবে নিম্নোক্ত ৩টি কর্মসূচি চিহ্নিত করা হয়েছে।

১। খাদ্য অধিদপ্তরের কর্মকান্ডের ডকুমেন্টারি ও তথ্য ভিত্তিক শ্লোগান দৃশ্যমান জনবহুল স্থানে ডিজিটাল বিলবোর্ডের মাধ্যমে প্রদর্শন;
২। খাদ্যবান্ধব কর্মসূচীতে পুষ্টি চাল বিতরণ; ও
৩। কৃষকের ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।

কর্মসূচি-১ এর আলোকে খাদ্য অধিদপ্তরের কর্মকান্ডের ডকুমেন্টারি ও তথ্যভিত্তিক শ্লোগান বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে স্থাপন বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ২৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৫০৩/৯ নং স্মারকে ৯(নয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি নিম্নরূপ নির্ধারণ করা হয়ঃ-

১। খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের সম্মুখে বিলবোর্ড স্থাপনের স্থান নির্ণয়, বিলবোর্ডের সাইজ নির্ধারণ এবং ডকুমেন্টারি তথ্য চূড়ান্তকরণ;
২। স্থাপনা এবংবিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ; ও
৩।অন্যান্য।

কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ২৯/০৭/২০১৯ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ও পর্যালোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের সম্মুখে ডিজিটাল বিলবোর্ড স্থাপনের স্থান নির্ণয়, বিলবোর্ডের সাইজ নির্ধারণ এবং ডকুমেন্টারি তথ্য;<br>বাস্তবায়ন কালঃ ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ | ক) সভায় ডিজিটাল বিলবোর্ড স্থাপনের অগ্রগতি বিষয়ে আলোচনায় পরিচালক, প্রশাসন বিভাগ জানান যে, খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে ৯'৫'' X ৬'৪'' সাইজের ডিজিটাল বিলবোর্ড স্থাপনের জন্য কোটেশন আহ্বান করা হয়েছে, যা মূল্যায়ন পর্যায়ে রয়েছে। বিলবোর্ড স্থাপনের কাজ শীঘ্রই শুরু হবে। | ক) খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে স্থাপিতব্য ৯'৫'' X৬'৪'' সাইজের ডিজিটাল বিলবোর্ডের কাজ জরুরী ভিত্তিতে শেষ করতে হবে। | পরিচালক, প্রশাসন বিভাগ, |
| | | খ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ, ময়দা কল, চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের আঙ্গিনায় দর্শনীয় স্থানে ডিজিটাল বিলবোর্ড স্থাপনের বিষয়ে সাইজ ও স্থান নির্ধারণের জন্য আলোচনায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা জানান যে, খাদ্য ভবনের ন্যায় সকল দপ্তরে একই সাইজের ডিজিটাল বিলবোর্ড স্থাপন করা হলে একই বিষয়(contents) প্রদর্শন করা সম্ভব হবে। অনেক বিভাগে একই স্থাপনায় একাধিক অফিস থাকায় সাইজ নিরূপণে সমস্যা উদ্ভব হতে পারে। এসকল বিবেচনায় খাদ্য অধিদপ্তরের অনুরূপ সাইজের(৯'৫'' X ৬'৪'') ডিজিটাল বিলবোর্ড সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ, ময়দাকল, চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের স্থাপন করার বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। পরবর্তীতে পরিচালক, প্রশাসন বিভাগ জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর | খ) খাদ্য অধিদপ্তরের অনুরূপ সাইজের (৯'৫'' X ৬'৪'') ডিজিটাল বিলবোর্ড সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ, ময়দা কল, চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের (যেখানে নিজস্ব ভবন রয়েছে) স্থাপন করা যেতে পারে।<br>বিভাগীয় শহরে একই স্থাপনায় একাধিক অফিস থাকলেও সেসব স্থানে আঙ্গিনায় দর্শনীয় স্থানে একটি ডিজিটাল বিলবোর্ড স্থাপন করা যেতে পারে। | পরিচালক, প্রশাসন বিভাগ, পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, আখানি (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য জাতীয় কমিটি কর্তৃক ডিজিটাল বিলবোর্ডের সাইজ নির্ধারণ করা হলে তা অনুসরণ করতে হবে।<br>বিভাগীয় শহরে একই স্থাপনায় একাধিক অফিস রয়েছে তাই সেসব স্থানে আঙ্গিনায় দর্শনীয় স্থানে একটি ডিজিটাল বিলবোর্ড স্থাপন করা যায় মর্মে উপপরিচালক, হিসাব ও অর্থ বিভাগ মতামত ব্যক্ত করলে উপস্থিত সকল সদস্য সহমত পোষণ করেন।<br>গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ, ময়দা কল, চলাচল সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের ন্যায় সকল এলএসডি ও সিএসডি-তে স্থির বিলবোর্ড(Still Billboard) স্থাপন করা হলে খাদ্য অধিদপ্তরের প্রদত্ত সেবা ও উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে জনগণকে অবহিত করা যাবে মর্মে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা প্রস্তাব করেন। সামগ্রিক বিবেচনায় সকল এলএসডি ও সিএসডি-র আঙ্গিনায় দর্শনীয় স্থানে ১২' X ৮' সাইজের একটি করে Still Billboard স্থাপনে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | গ) সকল এলএসডি ও সিএসডি-র আঙ্গিনায় দর্শনীয় স্থানে ১২' X ৮' সাইজের একটি করে Still Billboard স্থাপন করা যেতে পারে। । | পরিচালক, প্রশাসন বিভাগ, পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, আখানি (সকল) |
| | | ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শিতব্য ডকুমেন্টারি, শ্লোগান ও বাণী বিষয়ক আলোচনায় সিস্টেম এনালিষ্ট জানান যে, সদ্য সমাপ্ত উন্নয়ন মেলায় শ্লোগান এর সাথে বঙ্গবন্ধু সম্পর্কে বিশিষ্ট জনের বাণীও ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শন করা যেতে পারে। এজন্য একটি ভিডিও কার্যক্রম এটুআই(A2I) এর অধিনে চলমান আছে। এছাড়াও খাদ্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কিত ১৯টি শ্লোগান, বঙ্গবন্ধুর ৫টি উক্তি নির্বাচন করা হয়েছে। পরিচালক, চসসা বিভাগ সভায় অবহিত করেন যে, ডিজিটাল/বিলবোর্ডে প্রদর্শিতব্য ডকুমেন্টারি(Contents) সিস্টেম এনালিষ্ট ও জনাব লিয়াকত, প্রশাসন বিভাগ-কে সাথে নিয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে চুড়ান্ত করা যেতে পারে। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | ডিজিটাল/স্থির বিলবোর্ডে(Still Billboard)-এ প্রদর্শিতব্য ডকুমেন্টারি(Contents) পরিচালক, চসসা বিভাগ এর নেতৃত্বে সিস্টেম এনালিষ্ট ও জনাব লিয়াকত, প্রশাসন বিভাগ-কে সাথে নিয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে চুড়ান্ত করা যেতে পারে।<br><br>মন্ত্রণালয়ের অনুমোদনের পর নির্বাচিত শ্লোগান ও বাণী ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শন করা হবে। | পরিচালক, চসসা বিভাগ ও সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট |
| ০২ | স্থাপনা এবং বিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ; | স্থাপনা এবং বিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ বিষয়ে আলোচনাকালে পরিচালক, প্রশাসন বিভাগ জানান যে, খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে ৯'৫'' X ৬'৪'' সাইজের ডিজিটাল বিলবোর্ড স্থাপনের জন্য কোটেশন আহ্বান করা হয়েছে, যা মূল্যায়ন পর্যায়ে রয়েছে। খাদ্য ভবনের জন্য ক্রয়তব্য ডিজিটাল বিলবোর্ডের ব্যয় বিবেচনায় নিয়ে অন্যান্য স্থাপনার অনুকূলে জরুরী ভিত্তিতে অর্থ বরাদ্দ প্রদান করা প্রয়োজন। | খাদ্য ভবনের জন্য ক্রয়তব্য ডিজিটাল বিলবোর্ডের জন্য ব্যয় বিবেচনায় নিয়ে অন্যান্য স্থাপনার অনুকূলে ডিজিটাল বিলবোর্ড স্থাপনের জন্য জরুরী ভিত্তিতে অর্থ বরাদ্দ করতে হবে। এলএসডি ও সিএসডি-র আঙ্গিনায় দর্শনীয় স্থানে ১২' X ৮' সাইজের স্থির বিলবোর্ড(Still Billboard) এ প্রদর্শিতব্য | পরিচালক, প্রশাসন বিভাগ পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, আখানি (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ডকুমেন্টারি(Contents) চুড়ান্ত হলে এ কমিঠি কর্তৃক Still Billboard এর মূল্যের বিষয়টি বিবেচনা করা হবে। | |
| ০৩ | অন্যান্য | খাদ্য ভবনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের বিষয়ে আলোচনায় সহকারী পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ জানান যে, খাদ্য ভবনের নিচ তলায় পশ্চিম পাশের দেয়াল ও এরসাথে প্রয়োজনীয় জায়গা নিয়ে বঙ্গবন্ধুর একটি ম্যুরালসহ বিভিন্ন বাণী ও চিত্র নিয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের জন্য ডিজাইন সংগ্রহের পর মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে একটি ডিজাইন নির্বাচন করা হয়। নির্বাচিত ডিজাইন অনুসারে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের ক্রয়কার্য চলমান আছে। আগামী ০৭-১০ দিনের মধ্যে ম্যুরালের কাজ শুরু হবে। | খাদ্য ভবনে বঙ্গবন্ধু কর্ণারসহ ম্যুরাল স্থাপনের কাজ দ্রুত শেষ করতে হবে। | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |
| | | খাদ্যবান্ধব কর্মসূচীতে ১০০টি উপজেলায় পুষ্টি চাল বিতরণের বিষয়ে কার্যক্রম বিস্তৃত করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনায় পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ জানান যে, ১০০টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের কার্যক্রম বিস্তৃত করার জন্য কর্মপরিকল্পনা প্রনয়নের কাজ চলমান রয়েছে। মন্ত্রণালয় হতে ১০০ টি উপজেলার নাম পাওয়া গেছে। সে হিসেবে Fortified rice kernel ক্রয় পরিকল্পনা প্রনয়নের কাজ চলমান আছে। অতি শীঘ্রই দরপত্র আহ্বানের কার্যক্রম চলমান আছে। | ১০০টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীতে পুষ্টিচাল বিতরণের কার্যক্রম সম্প্রসারিত করার জন্য শীঘ্রই Fortified rice kernel ক্রয়ের কার্যক্রম শেষ করতে হবে। | পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ |
| | | কৃষকের ধানের ন্যায্যমূল্য প্রদান নিশ্চিত করার বিষয়ে আলোচনায় সহকারি পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, সারা দেশে ধান শুকানোর সুবিধাসহ ২০০টি স্থানে প্রতিটি ৫০০০ মেঃ টন ধারণক্ষমতার ধানের সাইলো নির্মাণের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প প্রস্তাব(ডিপিপি) প্রণয়নপূর্বক খাদ্য অধিদপ্তরের ১৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৮৬৫ নং স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত ১৩/১১/২০১৯ খ্রিঃ তারিখে প্রকল্পের জনবল নির্ধারনের জন্য অর্থ মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি সংশোধন করে 'আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্প' হতে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে। | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |
| | | আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের অধীনে নির্মিতব্য দেশের বৃহত্তম আশুগঞ্জ রাইস সাইলো বঙ্গবন্ধুর নামে নামকরণ এর বিষয়ে আলোচনাকালে সহকারি পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ জানান যে, এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০৭/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় | আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের অধীনে নির্মিতব্য দেশের বৃহত্তম আশুগঞ্জ রাইস সাইলো বঙ্গবন্ধুর নামে নামকরণের অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আশুগঞ্জ রাইস সাইলো নিম্নরূপভাবে নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>"বঙ্গবন্ধু সাইলো, আশুগঞ্জ"<br>(দেশের সর্ববৃহৎ রাইস সাইলো)<br>উক্ত নামকরণের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ ২৮/০৭/২০১৯ খ্রিঃ তারিখের ১০৮০ নং স্মারকে প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্প বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। প্রকল্প দপ্তর থেকে এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। | হবে। | |
| | | পরিকল্পনা মন্ত্রণালয়ের ন্যায় খাদ্য ভবনের সামনে একটি বাউন্ডারি ওয়াল নির্মাণ করে খাদ্য অধিদপ্তরের প্রদত্ত সেবা ও উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে দেয়াল লিখন এবং নির্মিত নতুন গেইটের(IN) অনুরূপ আরেকটি গেইট(OUT) নির্মাণ করা যেতে পারে মর্মে উপপরিচালক, হিসাব ও অর্থ বিভাগ সভায় প্রস্তাব করলে উপস্থিত সকলে একমত হন। | পরিকল্পনা মন্ত্রণালয়ের ন্যায় খাদ্য ভবনের সামনে একটি বাউন্ডারি ওয়াল নির্মাণ করে খাদ্য অধিদপ্তরের প্রদত্ত সেবা ও উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে সার্বক্ষণিক দৃশ্যমান দেয়াল লিখন এবং নির্মিত নতুন গেইটের অনুরূপ আরেকটি গেইট নির্মাণ করা যেতে পারে। | পরিচালক, প্রশাসন বিভাগ ও পরিচালক, পউকা, বিভাগ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(স্বাঃ)
(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব)
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও সভার সভাপতি।
ফোনঃ ০২৯৫৬১৮৭১
Email: adg@dgfood.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

তারিখঃ ০৫/১২/২০১৯ খ্রিঃ

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.০৫.০২৮.১৯-১৫৭৯
সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর;
২। অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব),খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩।পরিচালক(সকল), ..............................., খাদ্য অধিদপ্তর;
৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা;
৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ;
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল),.......................................;
৭। সাইলো অধিক্ষক(সকল).................................................;
৮। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল),.............................................;
১০। অফিস কপি।

(জসিম উদ্দিন)
সহকারি পরিচালক(উন্নয়ন)
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
ফোনঃ ৯৫৫৬০৭১
ই-মেইলঃ ad.idts@dgfood.gov.bd
ও কমিটির সদস্য সচিব।